

MASTER OF ARTS EXAMINATION, 2025

(2nd Year, 2nd Semester)

PHILOSOPHY

Subject Code : PHIL/PG/4.5.1

[ADVAITA VEDĀNTA – IV]

Time : 2 Hours

Full Marks - 30

Answer either in English or in Bengali.

1. (a) Explain the purport of the inference by which the Sāṃkhya philosophers refute the thesis that *Brahman* is the cause of the world. 5
ব্রহ্ম জগতের কারণ, এইরূপ মত খণ্ডন করিতে সাংখ্যসম্প্রদায় যে অনুমান প্রয়োগ করেন, সেই অনুমানের তাৎপর্য ব্যাখ্যা কর।
- (b) How do the Sāṃkhya philosophers show that the probans of this inference is present in the locus (*pakṣa*) of the inference? 5
সাংখ্যসম্প্রদায় কীরূপে প্রদর্শন করিয়া থাকেন যে উক্ত অনুমানের হেতু ঐ অনুমানের পক্ষে বিদ্যমান?

Or / অথবা

2. Do the Advaita Vedāntins admit the validity of the Yoga philosophy? Discuss after Maḥarṣi Vyāsa and Śāṅkarācārya. 10
অদ্বৈতবেদান্তিগণ কি যোগদর্শনের প্রামাণ্য স্বীকার করেন? মহর্ষি ব্যাস এবং শঙ্করাচার্যকে অনুসরণ করিয়া আলোচনা কর।
3. (a) Why do the Advaita philosophers think that there is no possible way to show that the world is different from *Brahman*? 7
অদ্বৈতবেদান্তিগণ কী কারণে মনে করেন যে কোনও সম্ভাব্য উপায় অবলম্বন করিয়া ব্রহ্ম হইতে জগতের বিলক্ষণত্ব প্রতিপাদন করা যায় না?
- (b) How do the Advaita Vedāntins account for the observable difference between conscious and unconscious entities? 3
অদ্বৈতবেদান্তিগণ কীরূপে চেতন এবং অচেতন পদার্থসমূহের মধ্যে প্রত্যক্ষযোগ্য বিলক্ষণত্ব ব্যাখ্যা করিয়া থাকেন?

Or / অথবা

4. (a) What is the ground behind the objection that the Advaita philosophy leads to *asatkāryavāda*? 5
অদ্বৈতদর্শন অসৎকার্যবাদে পর্যবসিত হইয়া থাকে, এইরূপ আপত্তির পক্ষে কীরূপ যুক্তি বিদ্যমান?
- (b) Can the Advaita Vedāntins refute this objection? Discuss following Maḥarṣi Vyāsa and Ācārya Śāṅkara. 5
অদ্বৈতবেদান্তিগণ কি এইরূপ আপত্তি নিরসন করিতে পারেন? মহর্ষি ব্যাস এবং আচার্য শঙ্করকে অনুসরণ করিয়া আলোচনা কর।

5. Why do the Sāṃkhya philosophers think that there is scriptural evidence in favour of the admission of such categories as *mahat* etc.? 5

সাংখ্যদর্শনিকগণ কী কারণে মনে করেন যে মহাদাদি পদার্থ স্বীকারের সপক্ষে শ্রুতিপ্রমাণ বিদ্যমান?

Or / অথবা

6. Can *śrutārthāpatti* be employed to establish the conscious character of the world? Discuss in brief after Ācārya Śaṅkara. 5

শ্রুতার্থাপত্তি প্রয়োগ করিয়া কি জগতের চেতনত্ব সিদ্ধ করা যায়? আচার্য শঙ্করকে অনুসরণ করিয়া সংক্ষেপে আলোচনা কর।

7. Do the *śrutivākya-s* “*mṛdavravīt*”, “*āpo vruvan*” etc. establish the thesis that the elements earth, water etc. are conscious? Discuss in brief following Maharṣi Vyāsa and Ācārya Śaṅkara. 5

“মৃদব্রবীৎ”, “আপোহব্রবন্”, এই সকল শ্রুতিবাক্যের দ্বারা কি মৃত্তিকা, অপ্ প্রভৃতি ভূতের চেতনত্ব সিদ্ধ হয়? মহর্ষি ব্যাস এবং আচার্য শঙ্করকে অনুসরণ করিয়া সংক্ষেপে আলোচনা কর।

Or / অথবা

8. Can the Sāṃkhya philosophers explain the state of dissolution? Discuss in brief following Maharṣi Vyāsa and Ācārya Śaṅkara. 5

সাংখ্যসম্প্রদায় কি প্রলয়দশা ব্যাখ্যা করিতে পারেন? মহর্ষি ব্যাস এবং আচার্য শঙ্করকে অনুসরণ করিয়া সংক্ষেপে আলোচনা কর।

★ ★ ★